রেজিস্টার্ড নং ডি এ-১

"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

২০২২ সনের ২৯ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ২১, ২০২২

## সূচিপত্র


| | পৃষ্ঠা নং | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৩৫৭—৩৬৩ | ৭ম খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| | | ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ৩৯—৪০ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৯৪১—৯৪৭ | ক্রোড়পত্র—সংখ্যা | নাই |
| | | (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারি। | নাই |
| | | (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৩১—১৫৭ | (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই | (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই | (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৬৫৯—৬৭০ | (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশাবলি**

তারিখ :১২ জানুয়ারি, ২০২২ খ্রিঃ

**নং বিচার-৭/২এন-৫২/২০০৪(অংশ-১)-১১**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (মোঃ আনোয়ার হোসেন, জন্ম তারিখ: ২৪-০৪-১৯৯৫ খ্রিঃ, পিতা: মোঃ আফতাব উদ্দিন, মাতা: রওশনারা, গ্রাম: টুপামারী নিজপাড়া, ডাকঘর: রামগঞ্জ, উপজেলা: নীলফামারী সদর, জেলা: নীলফামারী।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নীলফামারী জেলার সদর উপজেলার ০৫ নং টুপামারী ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক, (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

তারিখ : ২৭ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ/১০ ফেব্রুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ

নং **বিচার-৭/২-এন-৭৯/২০১৩(অংশ)-২৯**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (মোঃ হেলাল উদ্দিন, জন্ম তারিখঃ ০১-০১-১৯৯৭ খ্রিঃ, পিতা-মোঃ হাফিজুল ইসলাম, মাতা-চায়না বেগম, গ্রাম-নিউ আদর্শ পাড়া, ওয়ার্ড নং ২১, ডাকঘর-আলমনগর, থানা-কোতয়ালী, জেলা-রংপুর।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে রংপুর সিটি কর্পোরেশনের ২১ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

নং **বিচার-৭/২-এন-৭৯/২০১৩(অংশ)-৩০**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব রবিউল ইসলাম, জন্ম তারিখঃ ০১-০২-১৯৭৯ খ্রিঃ, পিতা-আব্দুর রউফ খন্দকার, মাতা-মোছাঃ মাসউদা বেগম, গ্রাম-পশ্চিম খাসবাগ, ওয়ার্ড নং-৩০, ডাকঘর-মাহিগঞ্জ, থানা-কোতয়ালী, জেলা-রংপুর।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে রংপুর সিটি কর্পোরেশনের ৩০ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুরাদ জাহান চৌধুরী**
সিনিয়র সহকারী সচিব (বিচার শাখা-৭)।

**অর্থ মন্ত্রণালয়**
**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**প্রকল্প ব্যবস্থাপনা অধিশাখা-১**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ১৯ জানুয়ারি ২০২২

নং **৫৩.০০.০০০০.৪৩১.১৪.০৬৫.২২-১৭**—মন্ত্রিসভা কর্তৃক ২৫-০৮-২০২১ তারিখে অনুমোদিত 'জাতীয় আর্থিক অন্তর্ভুক্তি কৌশলপত্র' (এনএফআইএস)-এর সংস্থান অনুযায়ী আর্থিক অন্তর্ভুক্তি কর্মসূচি বাস্তবায়নের জন্য লক্ষ্য নির্ধারণ, কৌশলগত দিকনির্দেশনাসহ প্রয়োজনীয় সহায়তা প্রদান এবং তত্ত্বাবধায়কের ভূমিকা পালনের নিমিত্ত নিম্নরূপভাবে এনএফআইএস ন্যাশনাল কাউন্সিল (এনএনসি) কমিটি গঠন করা হ'ল :

**সভাপতি**

১. মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

২. মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়
৩. মন্ত্রী, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
৪. মন্ত্রী, কৃষি মন্ত্রণালয়
৫. মন্ত্রী, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
৬. মন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয়
৭. মন্ত্রী, শিল্প মন্ত্রণালয়
৮. মন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয়
৯. মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
১০. মন্ত্রী, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
১১. মন্ত্রী, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
১২. মন্ত্রী, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
১৩. মন্ত্রী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
১৪. মন্ত্রী, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
১৫. মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়
১৬. মন্ত্রী, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
১৭. মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১৮. মন্ত্রিপরিষদ সচিব
১৯. মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্য সচিব

২০. প্রধানমন্ত্রীর কার্যালয়ের এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়ক

২১. গভর্নর, বাংলাদেশ ব্যাংক

২২. সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়

২৩. সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই)

২৪. সভাপতি, বাংলাদেশ উইমেন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি

২৫. চেয়ারম্যান, এসোসিয়েশন অব ব্যাংকার্স বাংলাদেশ

২৬. চেয়ারম্যান, ফিনান্সিয়াল ইন্সটিটিউশন্স প্রোমোটার্স এসোসিয়েশন

২৭. চেয়ারম্যান, বাংলাদেশ এসাসিয়েশন অব সফটওয়্যার এন্ড ইনফরমেশন সিস্টেমস

২৮. প্রতিনিধি, লোকাল কনসালটেটিভ গ্রুপ ইন বাংলাদেশ

**সদস্য-সচিব**

২৯. ডেপুটি গভর্নর, বাংলাদেশ ব্যাংক

**এনএনসি এর কার্যপরিধি নিম্নরূপ :**

(১) এ কৌশলপত্রের দর্শন, মূল মাত্রা, উদ্দেশ্য, কৌশলগত লক্ষ্যসমূহের উপর নির্দিষ্ট সময়সীমাভিত্তিক কর্ম পরিকল্পনা অনুমোদন করা এবং বার্ষিক পরিকল্পনাসমূহ পর্যালোচনা করা;

(২) জাতীয় আর্থিক অন্তর্ভুক্তি কৌশল বাস্তবায়নের জন্য অর্থায়ন কৌশল অনুমোদন করা এবং সংশ্লিষ্ট সংস্থাসমূহকে প্রয়োজনীয় সম্পদ বরাদ্দের নির্দেশনা প্রদান করা;

(৩) জাতীয় আর্থিক অন্তর্ভুক্তি কৌশল এর পরিবীক্ষণ এবং মূল্যায়ন (এম এন্ড ই) পদ্ধতি অনুমোদন করা;

(৪) পরিবীক্ষণ এবং মূল্যায়ন (এম এন্ড ই) কাঠামোর অংশ হিসাবে বৈশিক প্রেক্ষাপটে তুলনীয় জাতীয় আর্থিক অন্তর্ভুক্তি সূচকসমূহ অনুমোদন করা;

(৫) দ্বিবার্ষিক ভিত্তিতে এ কৌশল পর্যালোচনা করা এবং প্রয়োজন সাপেক্ষে তা সংশোধন করা;

(৬) বার্ষিক ভিত্তিতে এ কৌশল বাস্তবায়নের অগ্রগতি মূল্যায়ন করা;

(৭) সরকারি ও বেসরকারি খাতের মধ্যে সংলাপের পরিবেশ তৈরিতে সহায়তা করা;

(৮) আর্থিক অন্তর্ভুক্তির উদ্দেশ্য এবং লক্ষসমূহ অর্জনে প্রয়োজনীয় নীতি সংক্রান্ত, প্রাতিষ্ঠানিক, আইন এবং অন্যান্য সংস্কার প্রক্রিয়ার দিকনির্দেশনা এবং নেতৃত্ব প্রদান করা;

(৯) সকল স্তরে যথাযথ সমন্বয় প্রক্রিয়া অনুমোদন এবং অন্যান্য প্রক্রিয়ার সঙ্গে আর্থিক অন্তর্ভুক্তি প্রক্রিয়া সমন্বয়ের জন্য দিকনির্দেশনা প্রদান করা;

(১০) জাতীয় আর্থিক অন্তর্ভুক্তি কৌশল সংক্রান্ত স্টিয়ারিং কমিটি (এনএসসি) এর গঠন কাঠামোতে যে কোনো পরিবর্তন অনুমোদন করা;

(১১) বছরে অন্তত দুইবার এনএনসি বৈঠক পরিচালনা করা;

(১২) প্রয়োজন অনুসারে যে কোনো সময় নতুন সদস্য সংযুক্ত করা; এবং

(১৩) আর্থিক অন্তর্ভুক্তির লক্ষ্যসমূহ অর্জনে সর্বোত্তম পন্থা অবলম্বনসহ প্রয়োজনের নিরিখে অন্য যে কোনো কাজ সম্পাদন করা।

নং **৫৩.০০.০০০০.৪৩১.১৪.০৬৫.২২-১৮**—মন্ত্রিসভা কর্তৃক ২৫-০৮-২০২১ তারিখে অনুমোদিত 'জাতীয় আর্থিক অন্তর্ভুক্তি কৌশলপত্র' (এনএফআইএস)-এর সংস্থান অনুযায়ী এনএফআইএস ন্যাশনাল কাউন্সিল (এনএনসি)'র নির্দেশনা অনুসরণ করে জাতীয় আর্থিক অন্তর্ভুক্তি কৌশল বাস্তবায়নের সার্বিক দায়িত্ব পালন এবং আর্থিক অন্তর্ভুক্তির কর্মসূচির অধীনে গৃহীত সকল কার্যক্রমের সমন্বয়, কার্যকারিতা এবং উৎকর্ষতা নিশ্চিত করার উদ্দেশ্যে নিম্নরূপভাবে এনএফআইএস স্টিয়ারিং কমিটি (এনএসসি) গঠন করা হ'ল :

**সভাপতি**

১. গভর্নর, বাংলাদেশ ব্যাংক

**সদস্যবৃন্দ**

২. সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়

৩. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

৪. সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়

৫. সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

৬. সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়

৭. সচিব, কৃষি মন্ত্রণালয়

৮. সচিব, , মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

৯. সচিব, বাণিজ্য মন্ত্রণালয়

১০. সচিব, শিল্প মন্ত্রণালয়

১১. সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়

১২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

১৩. সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

১৪. সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

১৫. সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

১৬. সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়

১৭. সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়

১৮. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

১৯. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়

২০. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়

২১. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়

২২. সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

২৩. সচিব, বাংলাদেশ নির্বাচন কমিশন

২৪. চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রক কর্তৃপক্ষ

২৫. চেয়ারম্যান, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

২৬. এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান, মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি

২৭. চেয়ারম্যান, বাংলাদেশ টেলিকমিউনিকেশন রেগুলেটরি কমিশন

২৮. এক্সিকিউটিভ চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ

২৯. হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়

৩০. মহাপরিচালক, জাতীয় পরিচয়পত্র উইং (এনআইডিডব্লিউ), বাংলাদেশ নির্বাচন কমিশন

৩১. মহাপরিচালক, সমবায় বিভাগ

৩২. মহাপরিচালক, বাংলাদেশ ডাক বিভাগ

৩৩. চেয়ারম্যান, এসোসিয়েশন অব ব্যাংকার্স বাংলাদেশ

৩৪. চেয়ারম্যান, বাংলাদেশ লিজিং এন্ড ফাইন্যান্স কোম্পানিজ এসোসিয়েশন

৩৫. সভপতি, এসাসিয়েশন অব মোবাইল টেলিকম অপারেটরস অব বাংলাদেশ

৩৬. সভাপতি, বাংলাদেশ এমপ্লয়ারস ফেডারেশন

৩৭. মহাপরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান

৩৮. মহাপরিচালক, বাংলাদেশ ইন্সটিটিউট অব ব্যাংক ম্যানেজমেন্ট

৩৯. নির্বাহী সভাপতি, বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট

৪০. পরিচালক, বাংলাদেশ ইন্স্যুরেন্স একাডেমি

৪১. নির্বাহী পরিচালক, ইন্সটিটিউট ফর ইনক্লুসিভ ফাইন্যান্স এন্ড ডেভেলপমেন্ট

**সদস্য-সচিব**

৪২. নির্বাহী পরিচালক, এনএফআইএস এডমিনিস্ট্রেটিভ ইউনিট, বাংলাদশ ব্যাংক।

<u>এনএসসি এর কার্যপরিধি নিম্নরূপ</u>

(১) জাতীয় আর্থিক অন্তর্ভুক্তি কৌশল এডমিনিস্ট্রেটিভ ইউনিট কর্তৃক গৃহীত কার্যক্রমের সমন্বয় ও যথাসময়ে বাস্তবায়ন নিশ্চিত করা, বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করা এবং প্রতিবন্ধকতাসমূহ দূরীকরণ ও নতুন সম্ভাবনার সদ্ব্যবহার সংক্রান্ত সুপারিশ করা;

(২) আর্থিক অন্তর্ভুক্তি সম্পর্কিত কার্যক্রম বিষয়ে এনএফআইএস এডমিনিস্ট্রেটিভ ইউনিট (এনএইউ)-কে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান;

(৩) সরকারি ও বেসরকারি খাতের মধ্যে অন্তঃপ্রাতিষ্ঠানিক ও আন্তঃপ্রাতিষ্ঠানিক সহযোগিতার ধরণ বিষয়ে পরামর্শ প্রদান;

(৪) আর্থিক আন্তর্ভুক্তি কর্মসূচি বাস্তবায়নের জন্য বিস্তারিত কার্যপ্রণালী, প্রয়োজনীয় সম্পদ ও অগ্রাধিকার নির্ধারণে দিক-নির্দেশনা প্রদান;

(৫) দক্ষতার সাথে দায়িত্ব পরিপালনে সক্ষম একটি কার্যকর এনএফআইএস এডমিনিস্ট্রেটিভ ইউনিট প্রতিষ্ঠা নিশ্চিত করা;

(৬) বছরে তিনবার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা এবং এনএনসির বিবেচনার জন্য সুপারিশসমূহ চূড়ান্তকরণ;

(৭) প্রয়োজন অনুসারে যে কোনো সময় নতুন সদস্য সংযুক্ত করা; এবং

(৮) এনএনসি দ্বারা নির্দেশিত অন্য যে কোনো কাজ পরিচালনা করা।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কামরুল হক মারুফ**
উপসচিব।

**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**কেন্দ্রীয় ব্যাংক শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০২ মাঘ ১৪২৮/১৬ জানুয়ারি ২০২২

নং **৫৩.০০.০০০০.৩১১.১১.০২১.১৫-৩১**—রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক আইন, ২০১৪ এর ধারা ৮(ক) ও ৯ অনুযায়ী রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের পরিচালনা পর্ষদের পরিচালক ও চেয়ারম্যান জনাব মোঃ রইছউল আলম মন্ডল (সাবেক সিনিয়র সচিব) কে তাঁর বর্তমান নিয়োগের মেয়াদ সমাপণান্তে আরও ০২ (দুই) বছরের জন্য উক্ত ব্যাংকের পরিচালনা পর্ষদের পরিচালক ও চেয়ারম্যান হিসেবে পুনঃনিয়োগ প্রদান করা হলো।

০২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জেহাদ উদ্দিন**
উপসচিব।

---

**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়**
**মৎস্য-৩ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৬ পৌষ ১৪২৮/১০ জানুয়ারি ২০২২

**নং ৩৩.০০.০০০০.১২৮.১৮.০০১.১৫-১৩**—মেরিন ফিসারিজ একাডেমি, চট্টগ্রাম এর বর্তমান একাডেমিক কাউন্সিল বিলুপ্ত করতঃ নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে একাডেমিক কাউন্সিল পুনর্গঠন করা হলো :

**সভাপতি**

১. অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম।

**সদস্যবৃন্দ**

২. ইনস্টিটিউট অব মেরিন সায়েন্সস এন্ড ফিশারিজ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম এর একজন প্রতিনিধি।

৩. বিভাগীয় প্রধান, নটিক্যাল বিভাগ, মেরিন ফিশারিজ একাডেমি।

৪. বিভাগীয় প্রধান, মেরিন ইঞ্জিনিয়ারিং বিভাগ, মেরিন ফিশারিজ একাডেমি।

৫. বিভাগীয় প্রধান, মেরিন ফিশারিজ বিভাগ, মেরিন ফিশারিজ একাডেমি।

৬. সামুদ্রিক মৎস্য দপ্তর, চট্টগ্রাম-এর একজন প্রতিনিধি।

**সদস্য-সচিব**

৭. সিনিয়র ইন্স্ট্রাক্টর (নেভিগেশন), মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম।

**একাডেমিক কাউন্সিলের কার্যপরিধি :**

১. শিক্ষা বিষয়ক কার্যক্রম তত্ত্বাবধান, পরিচালন, মানোন্নয়ন, যুগোপযোগীকরণ ও প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন।

২. প্রশিক্ষণ কার্যক্রম মনিটরিং ও উন্নয়নে সুনির্দিষ্ট সুপারিশ প্রণয়ন।

৩. ক্রমিক **১** ও ২ এর বিষয়ে সময়ে সময়ে কোনো প্রকার প্রশাসনিক ও আর্থিক বিষয়ে সুপারিশ/প্রস্তাবনা/সিদ্ধান্ত গ্রহণে প্রশাসনিক মন্ত্রণালয় এবং গভর্নিং বডির অনুমোদনের জন্য প্রেরণ করতে হবে।

৪. একাডেমিক কাউন্সিলে গৃহীতব্য সিদ্ধান্ত/সুপারিশ আবশ্যিকভাবে মন্ত্রণালয় এবং গভর্নিং বডিকে অবহিত করতে হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**দিলওয়ারা আলো**
উপসচিব।

---

**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : **১৬** মাঘ **১৪২৮** বঙ্গাব্দ/৩০ জানুয়ারি **২০২২** খ্রিষ্টাব্দ

নং **৩৭.০০.০০০০.০৭৬.১১.০০৪.২২-১১**—মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর-এঁর অনুমোদনক্রমে রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আইন, ২০০১ এর ধারা **১২** (**১**) অনুযায়ী ড. কাঞ্চন চাকমা, অধ্যাপক, বায়োকেমিস্ট্রি অ্যান্ড মলিউকুলার বায়োলজি বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়-কে নিম্নোক্ত শর্তে রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর পদে নিয়োগ করা হলো :

(ক) প্রো-ভাইস চ্যান্সেলর হিসেবে তাঁর এ নিয়োগের মেয়াদ যোগদানের তারিখ থেকে ০৪ (চার) বছর হবে;

(খ) প্রো-ভাইস চ্যান্সেলর পদে তিনি তাঁর বর্তমান পদের সমপরিমাণ বেতনভাতাদি পাবেন;

(গ) তিনি প্রো-ভাইস চ্যান্সেলর পদের সঙ্গে সংশ্লিষ্ট অন্যান্য সুযোগ সুবিধা ভোগ করবেন; এবং

(ঘ) মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজন মনে করলে যে-কোনো সময় এ নিয়োগ বাতিল করতে পারবেন।

০২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ নূর-ই-আলম**
উপসচিব।

**বেসরকারি বিশ্ববিদ্যালয়-১**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২২ পৌষ ১৪২৮/০৬ জানুয়ারি ২০২২

নং **৩৭.০০.০০০০.০৭৮.০৮.০১৭.২০০৭-১০**—মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর এঁর অনুমোদনক্রমে বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর ৩২ (১) ধারা অনুযায়ী অধ্যাপক ড. মোঃ ইউনুছ মিয়া, এনভায়রনমেন্টাল সায়েন্স এন্ড রিসোর্স ম্যানেজম্যান্ট বিভাগ, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, টাঙ্গাইল-কে যোগদানের তারিখ হতে ০৪ (চার) বছরের জন্য স্টামফোর্ড ইউনিভার্সিটি বাংলাদেশ, ঢাকা-এর উপ-উপাচার্য পদে নিয়োগ প্রদান করা হলো।

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আব্দুল মতিন**
যুগ্মসচিব (অতিরিক্ত দায়িত্ব)।

---

**কৃষি মন্ত্রণালয়**
**সম্প্রসারণ-৪ অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২৮ ডিসেম্বর ২০২১

নং **১২.০০.০০০০.০৫৫.২৭.০১৩.১৯-৩৭৬**—যেহেতু, বিসিএস (কৃষি) ক্যাডারভুক্ত কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কর্মকর্তা জনাব মোঃ ওয়াহিদুজ্জামান (পরিচিতি নং-২০০৪), অতিরিক্ত উপপরিচালক (এলআর) (সাময়িকভাবে বরখাস্তকৃত), প্রশাসন ও অর্থ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা (প্রাক্তন উপজেলা কৃষি কর্মকর্তা, ভাঙ্গা, ফরিদপুর)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা-২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ঘ) অনুযায়ী যথাক্রমে "দুর্নীতি" ও "অসদাচরণ" অভিযোগে কৃষি মন্ত্রণালয়ের গত ১৪ মে ২০১৯ তারিখর ১২.০০.০০০০.০৫৫.২৭.০১৩.১৯-১২৮ সংখ্যক স্মারকে বিভাগীয় মামলা (মামলা নং-০৮/২০১৯) রুজু করতঃ অভিযোগনামা (১ম কারণ দর্শানো নোটিশ) ও অভিযোগ বিবরণী জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ১ম কারণ দর্শানো নোটিশের পরিপ্রেক্ষিতে নির্ধারিত সময় ও বর্ণিত সময়েও লিখিত কোনো জবাব দাখিল করেননি;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্তের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ মোতাবেক তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্ত কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিধিবহির্ভূতভাবে সরকারি ২,১৭,৩৮০ (দুই লক্ষ সতের হাজার তিনশত আশি) টাকা আর্থিক ক্ষতি সাধন করেছেন;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ঘ) অপরাধের দায়ে একই বিধিমালার বিধি ৪(২)(গ) "কর্তব্যে অবহেলা বা সরকারি আদেশ অমান্য করিবার কারণে সংঘঠিত সরকারের আর্থিক ক্ষতির সম্পূর্ণ অংশ বেতন হইতে আদায়" দণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তাকে ১৮ মার্চ ২০২০ তারিখ হতে সরকারি চাকরি থেকে সাময়িক বরখাস্ত করা হয়;

সেহেতু জনাব মোঃ ওয়াহিদুজ্জামান (পরিচিতি নং-২০০৪), অতিরিক্ত উপপরিচালক (এলআর) (সাময়িকভাবে বরখাস্তকৃত), প্রশাসন ও অর্থ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা (প্রাক্তন উপজেলা কৃষি কর্মকর্তা, ভাঙ্গা, ফরিদপুর)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা-২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ঘ) অপরাধের দায়ে একই বিধিমালার বিধি ৪(২)(গ) অনুযায়ী "কর্তব্যে অবহেলা বা সরকারি আদেশ অমান্য করিবার কারণে সংঘঠিত সরকারের আর্থিক ক্ষতির সম্পূর্ণ অংশ বেতন হইতে আদায়" দণ্ড প্রদান করা হলো। এ সাথে অভিযুক্ত কর্মকর্তার সাময়িক বরখাস্তের আদেশও প্রত্যাহার করা হলো। তিনি সাময়িক বরখাস্তকালীন বিধি মোতাবেক আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন।

এ আদেশ জারির তারিখ হতে কার্যকর হবে।

**নং ১২.০০.০০০০.০৫৫.২৭.০১৪.১৯-৩৭৮**—যেহেতু, বিসিএস (কৃষি) ক্যাডারভুক্ত কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কর্মকর্তা জনাব পুষ্পেন্দু বড়ুয়া (পরিচিতি নং-২২৮২), উপজেলা কৃষি কর্মকর্তা (এলআর) (সাময়িকভাবে বরখাস্তকৃত), প্রশাসন ও অর্থ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা (প্রাক্তন উপজেলা কৃষি কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, নোয়াখালী)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা-২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ঘ) অনুযায়ী "অসদাচরণ" ও "দুর্নীতি" এর অভিযোগে কৃষি মন্ত্রণালয়ের গত ১৪ মে ২০১৯ তারিখের ১২.০০.০০০০.০৫৫.২৭.০১৩.১৯-১২৮ সংখ্যক স্মারকে বিভাগীয় মামলা (মামলা নং-০৯/২০১৯) রুজু করতঃ অভিযোগনামা (১ম কারণ দর্শানো নোটিশ) ও অভিযোগ বিবরণী জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ১ম কারণ দর্শানো নোটিশের পরিপ্রেক্ষিতে নির্ধারিত সময় ও বর্ণিত সময়েও লিখিত কোন জবাব দাখিল করেননি;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্তের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ মোতাবেক তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্ত কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে অভিযোগ প্রমাণিত হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিধিবহির্ভূতভাবে সরকারি ২,৭৬,৭৩০.৫৬ (দুই লক্ষ ছিয়াত্তর হাজার সাতশত ত্রিশ টাকা ছাপান্ন পয়সা) টাকা আর্থিক ক্ষতি সাধন করেছেন;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ঘ) অপরাধের দায়ে একই বিধিমালার বিধি ৪(২)(গ) "কর্তব্যে অবহেলা বা সরকারি আদেশ অমান্য করিবার কারণে সংঘঠিত সরকারের আর্থিক ক্ষতির সম্পূর্ণ অংশ বেতন হইতে আদায়" দণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তাকে ০২ অক্টোবর ২০১৯ তারিখ হতে সরকারি চাকরি থেকে সাময়িক বরখাস্ত হয়;

সেহেতু জনাব পুষ্পেন্দু বড়ুয়া (পরিচিতি নং-২২৮২), উপজেলা কৃষি কর্মকর্তা (এলআর) (সাময়িক বরখাস্তকৃত), প্রশাসন ও অর্থ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা (প্রাক্তন উপজেলা কৃষি কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, নোয়াখালী)-কে সরকারি

কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা-২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ঘ) অপরাধের দায়ে একই বিধিমালার বিধি ৪(২)(গ) "কর্তব্যে অবহেলা বা সরকারি আদেশ অমান্য করিবার কারণে সংঘঠিত সরকারের আর্থিক ক্ষতির সম্পূর্ণ অংশ বেতন হইতে আদায়" দণ্ড প্রদান করা হলো। এ সাথে অভিযুক্ত কর্মকর্তার সাময়িক বরখাস্তের আদেশও প্রত্যাহার করা হলো। তিনি সাময়িক বরখাস্তকালীন বিধি মোতাবেক আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন।

এ আদেশ জারির তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মেসবাহুল ইসলাম**
সিনিয়র সচিব।

---

**স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**জেলা পরিষদ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২০ মাঘ ১৪২৮/০৩ ফেব্রুয়ারি ২০২২

নং **৪৬.০০.০০০০.০৪২.১৮.০০১.১৯(১).২৬০**—ঢাকা জেলা পরিষদের সাধারণ ওয়ার্ডের নিম্নবর্ণিত সদস্য স্বীয় পদ হতে পদত্যাগ করেছেন। ঢাকা জেলা পরিষদের চেয়ারম্যান কর্তৃক তাঁর পদত্যাগপত্র গৃহীত হয়েছে:

| ক্রমিক | সদস্যের নাম, ওয়ার্ড ও জেলা পরিষদ | পদত্যাগপত্র গৃহীত হওয়ার তারিখ |
|---|---|---|
| ১. | জনাব মোঃ ওয়াহিদুজ্জামান রনি<br>সদস্য, ওয়ার্ড নং-১৪<br>জেলা পরিষদ, ঢাকা। | ২ জানুয়ারি ২০২২ |

২। এমতাবস্থায়, উল্লিখিত জেলা পরিষদের সদস্য স্বীয় পদ হতে পদত্যাগ করায় জেলা পরিষদ আইন, ২০০০ এর ধারা ১১ এর উপ-ধারা (১)(গ) অনুযায়ী উক্ত পদটি এতদ্দ্বারা শূন্য ঘোষণা করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী**
উপসচিব।

---

**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**সরকারি মাধ্যমিক-৩ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৩ আষাঢ় ১৪২৯/২৭ জুন ২০২২

**নং ৩৭.০০.০০০০.০৯২.১৫.০১৪.১৭.৩২৪**—ঢাকা জেলার গুলশান থানাধীন 'কালাচাঁদপুর উচ্চ মাধ্যমিক বিদ্যালয়' ২৫-০২-২০১৬ তারিখে সরকারিকরণ করা হয়। উক্ত প্রতিষ্ঠানটির নাম নিম্নোক্তভাবে সংশোধন করা হলো:

'সরকারি কালাচাঁদপুর হাই স্কুল এন্ড কলেজ'

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মিজানুর রহমান**
উপসচিব।